গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঔষধ প্রশাসন অধিদপ্তর
ঔষধ ভবন, মহাখালী, ঢাকা-১২১২
www.dgda.gov.bd

নং-ডিজিডিএ/এসডিএএম-ওপি/জনবল/২০১৭-২০২২/ ১২৭ তারিখঃ ০৮/০২/২০২২ খ্রিঃ।

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ এর ৪র্থ, স্বাস্থ্য জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচী (৪র্থ এসপিএনএসপি) এর আওতায় স্ট্রেংদেনিং অব ড্রাগ এডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (এসডিএএম) শীর্ষক অনুমোদিত অপারেশনাল প্লান (কোড নং-১২৭-১২৭০৩-২২৪০২১০২১)-এর অর্থায়নে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্পের মেয়াদ কালের জন্য নিম্নবর্ণিত পদসমূহে নিয়োগের নিমিত্তে বর্ণিত শর্তানুযায়ী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্র.নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন গ্রেড (সর্ব সাকুল্যে) | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ০১. | উচ্চমান সহকারী (UDA) | ১ | ১৩ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; |
| ০২. | টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (Technical Assistant) | ৫ | ১৩ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| ০৩. | ইনস্ট্রুমেন্ট মেকানিক (Instrument Mechanic) | ১ | ১৪ | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক (এইচ.এস.সি) সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইনস্টিটিউট/প্রতিষ্ঠান হইতে মেক্যানিক্যাল বা ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ০৬ (ছয়) মাসের ট্রেড কোর্স সম্পন্ন হইতে হইবে। |
| ০৪. | হিসাবরক্ষক (Accountant) | ১ | ১৪ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষা বিভাগে অন্যূন ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা থাকিতে হইবে;<br>(গ) কোন প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক ৩য় বিভাগ/শ্রেণী বা সমমানের জিপিএ/সিজিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না। |
| ০৫. | স্টোর কিপার (Store Keeper) | ১ | ১৪ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা থাকিতে হইবে;<br>(গ) কোন প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক ৩য় বিভাগ/শ্রেণী বা সমমানের জিপিএ/সিজিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না। |

## আবেদন ফরম  পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে শর্তাবলি অনুসরণীয়:

০১। ২৫ মার্চ ২০২০ খ্রি. তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮ (আঠারো) হতে ৩০ (ত্রিশ) বছরের মধ্যে হতে হবে। শুধুমাত্র মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান ও শারীরিক প্রতিবন্ধী কোটায় বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর এবং মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের (নাতি-নাতনী) বয়সসীমা ৩০ (ত্রিশ) বছর হবে। বয়সরে ক্ষেত্রে এ্যাফিডেভিড গ্রহণযোগ্য হবে না।

০২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তি সাপেক্ষে আবেদন করতে হবে।

০৩। শিক্ষাগত যোগ্যতাসহ অন্য যে কোনো বিষয়ে প্রার্থী কোনো ভুল তথ্য প্রদান করলে বা কোনো তথ্য গোপন করলে উক্ত প্রার্থীর আবেদনপত্র বাতিল করা হবে।

০৪। নিয়োগবিধি অনুযায়ী সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে;

০৫। নিয়োগ ও কোটা নির্ধারণের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধিবিধান অনুসরণ করা হবে।

০৬। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৭। নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোনো কারণে বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

০৮। প্রার্থীর যোগ্যতা যাচাই;

(ক) (i) মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্র/জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।

(ii) মৌখিক পরীক্ষার সময় পূরণকৃত Application Form ও Admit card এর প্রিন্ট কপির সাথে সকল সনদপত্রের সত্যায়িত কপি এবং সদ্য তোলা ০২ (দুই)কপি পাসপোর্ট সাইজের ছবি দাখিল করতে হবে।

(iii) সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

(iv) জাতীয় পরিচয়পত্র /জন্ম সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(v) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র দাখিল করতে হবে।

(vi) বিভিন্ন কোটায় আবেদনকারী প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্র দাখিল করতে হবে।

(vii) বিভাগীয়, সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনাপত্তিপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

(খ) উক্ত তথ্যসমূহের ভিত্তিতে প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে প্রার্থীর চারিত্রিক প্রতিপাদন সম্পাদন করা হবে।

(গ) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে উল্লিখিত ন্যূনতম যোগ্যতার সাথে অসামঞ্জস্যপূর্ণ তথ্য দিলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উর্ত্তীণ যে কোন প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(ঘ) এ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়নি এমন কোনো বিষয়ে সরকারি প্রচলিত আইন, সার্কুলার, বিধি-বিধান অনুসরণ করা হবে।

৯। অনলাইনের আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয়:-

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://sdam.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরুপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষায় ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ১০ ফেব্রুয়ারী, ২০২২ তারিখ সকাল ১০.০০ ঘটিকা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ৩ মার্চ, ২০২২ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User Id প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রাথী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষায় সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে

নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা প্রার্থী একটি ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Application Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ৫০০/- (পাঁচশত টাকা) অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদন পত্রের সকল অংশ পূরণ করে Submit করার পরে পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: SDAM<Space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example : SDAM ABCDEF and send 16222

Reply: Applicant's Name Tk. 500 will be charged as application fee. Your PIN is xxxxxxxxxxx To pay fee Type SDAM<Space>Yes<Space>PIN and send to 16222

দ্বিতীয় : SMS : SDAM<Space>YES<Space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example : SDAM YES xxxxxxxxxxxxxxx

Reply : Congratulations Applicant's Name, payment completed successfully for SDAM Application for (name of the Post) User ID is (ABCDEF) and password (XXXXXXX)

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http:/sdam.teletalk.com.bd ওয়েব সাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষায় সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল নাম্বার থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID. এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে SDAM<Space>Help<Space>User<Space>User ID & send to 16222.

Example : SDAM help User ADCDEF & send to 16222.

ii. PIN Number জানা থাকলে SDAM<Space>Help<Space>PIN<Space>PIN Number & send to 16222.

Example : SDAM Help PIN 12345678 & send to 16222.

(ঝ) Online-এ আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে সম্পন্ন করবেন। এ ক্ষেত্রে অন্য মাধ্যমে থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(ঞ) বিবিধ:

(i) পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্র পরবর্তীতে sms এর মাধ্যমে জানানো হবে।

(ii) পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য www.dgda.gov.bd হতে পাওয়া যাবে।

(iii) Online-এ আবেদন দাখিলের ক্ষেত্রে কোনো সমস্যা হলে বা যে কোনো তথ্যের প্রয়োজনে dgda.gov@gmail.com এবং vas.query@teletalk.com.bd ই-মেইল করে অথবা যে কোনো টেলিটক নম্বর হতে 121-এ কল করে জানা যাবে।

১০। Online-এ আবেদন ও নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৮/১২/2022

মোঃ মোস্তাফিজুর রহমান
লাইন ডাইরেক্টর, এসডিএএম-ওপি
ও
পরিচালক (চলতি দায়িত্ব), প্রশাসন
ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ০২-২২২২৮০৮২৫
ইমেইল : mrmostafiz1967@gmail.com